শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(স্থানীয় সরকার শাখা)
www.sylhet.gov.bd

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ অধিশাখার ২৮ নভেম্বর, ২০১৬ তারিখের ৪৬.০১৮.০২২.০০.০০.০১০.২০১১ (অংশ-২)-৭০৪ নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে সিলেট জেলার নির্বাচিত ইউনিয়ন পরিষদসমূহের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর শূণ্যপদ লোক নিয়োগের লক্ষ্যে সিলেট জেলার স্থায়ী নাগরিকদের/বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদন মডেল ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৪৮ (আটচল্লিশ) | জাতীয় বেতন স্কেল-২০১৫ মোতাবেক ১৬ তম বেতন গ্রেড= (৯৩০০/- - ২২৪৯০/-) টাকা তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবে) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

## শর্তাবলী

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরমটি সিলেট জেলার ওয়েব সাইট (www.sylhet.gov.bd) এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৩। প্রার্থীকে গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, সকল শিক্ষাগত সনদের সত্যায়িত অনুলিপি এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। প্রার্থীর বয়স ১৫ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নামে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

০৬। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপরে লিখতে হবে। (শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে)।

০৭। আবেদনপত্রের সাথে যে কোন তফসিলী ব্যাংক হতে জেলা প্রশাসক, সিলেট এর অনুকূলে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

০৮। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১। নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে নিজ নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকেট সম্বলিত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) খাম ৯ ইঞ্চি x ৪ ইঞ্চি সংযুক্ত করতে হবে।

১২। আবেদনপত্র আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে (বিকাল ৫.০০ টার মধ্যে) ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌছাতে হবে।

১৩। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ জয়নাল আবেদীন)
জেলা প্রশাসক
সিলেট।
ফোন ঃ ০৮২১-৭১৬১০০,
e-mail :dcsylhet@mopa.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০২.১৬- 05 (১১),

তারিখ ঃ 02 জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। জেলা প্রশাসক-----------------------------------------(সকল)।

০৫। জেলা ------------------------------------কর্মকর্তা (সকল), সিলেট। তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। চেয়ারম্যান (সকল) ---------------------------উপজেলা পরিষদ, সিলেট। তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ---------------------------, সিলেট। তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৮। মেয়র/ প্রশাসক (সকল) ---------------------------পৌরসভা, সিলেট। তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। সহকারি প্রোগ্রামার, আইসিটি শাখা। তাঁকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক------------------------ পত্রিকা। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তার পত্রিকার ভিতরের পাতায় ১০ ইঞ্চি × ৩ কলাম সাইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১। অফিস কপি/ নোটিশ বোর্ড।

2.1.17

জেলা প্রশাসক
সিলেট।
ফোন ঃ ০৮২১-৭১৬১০০,
e-mail :dcsylhet@mopa.gov.bd